

## আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১০৬

১/ ঈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১/৭২. আসমানের দিকে রাসূলুল্লাহ (ﷺ)-এর উর্ধ্বাগমন এবং সালাত ফরজ হওয়া সম্পর্কে।

আরবী

حَدَّيْتُ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللُّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللُّهِ صَلَّى اللُّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْلَةَ أَسْرِيَ  
بِي رَأَيْتُ مُوسَى وَإِذَا هُوَ رَجُلٌ ضَرَبَ رَجْلَ كَانَهُ مِنْ رِجَالِ شَنُوءَةَ وَرَأَيْتُ عِيسَى فَإِذَا  
هُوَ رَجُلٌ رَبِيعَةُ أَحْمَرٍ كَانَمَا خَرَجَ مِنْ دِيمَاسٍ وَأَنَا أَشْبُهُ وَلَدِ إِبْرَاهِيمَ صَلَّى اللُّهُ عَلَيْهِ  
وَسَلَّمَ بِهِ ثُمَّ أَتَيْتُ بِإِنَاءَيْنِ فِي أَحَدِهِمَا لَبَنٌ وَفِي الْآخَرِ خَمْرٌ فَقَالَ أَشْرَبْ أَيَّهُمَا شِئْتَ  
فَأَخْذَتُ الْلَّبَنَ فَشَرَبْتُهُ فَقِيلَ أَخْذَتَ الْفِطْرَةَ أَمَا إِنْكَ لَوْ أَخْذَتَ الْخَمْرَ غَوْتُ أَمْتُكَ

বাংলা

১০৬. আবু হুরায়রাহ (রায়ি.) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে রাতে আমার মিরাজ হয়েছিল, সে রাতে আমি মূসা (আঃ)-কে দেখতে পেয়েছি। তিনি হলেন, হালকা পাতলা দেহের অধিকারী ব্যক্তি, তাঁর চুল কোঁকড়ানো ছিল না। মনে হচ্ছিল তিনি যেন ইয়ামান দেশীয় শান্তাম গোত্রের এক ব্যক্তি, আর আমি ঈসা (আঃ)-কে দেখতে পেয়েছি। তিনি হলেন মধ্যম দেহবিশিষ্ট, গায়ের রং ছিল লাল। যেন তিনি এক্ষুণি গোসলখানা হতে বের হলেন। আর ইব্রাহীম (আঃ)-এর বংশধরদের মধ্যে তাঁর সঙ্গে আমার চেহারার মিল সবচেয়ে বেশি। অতঃপর আমার সম্মুখে দু'টি পেয়ালা আনা হল। তার একটিতে ছিল দুধ আর অপরটিতে ছিল শরাব। তখন জিবরীল (আঃ) বললেন, এ দু'টির মধ্যে যেটি চান আপনি পান করতে পারেন। আমি দুধের পেয়ালাটি নিলাম এবং তা পান করলাম। তখন বলা হল, আপনি স্বভাব প্রকৃতিকে বেছে নিয়েছেন। দেখুন, আপনি যদি শরাব নিয়ে নিতেন, তাহলে আপনার উম্মাতগণ পথভ্রষ্ট হয়ে যেত।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ৬০: নাবীগণের (আঃ) হাদীসসমূহ, অধ্যায় ২৪, হাঃ ৩৩৯৪; মুসলিম, পর্ব ১: ঈমান, অধ্যায় ৭৪, হাঃ ১৬৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=33105>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন